কালের কণ্ঠ

তারিখ: 01 OCT 2013
পৃষ্ঠা: ৩ কলাম: ৩

প্রাথমিক শিক্ষকদের সাত দাবি

# সমাপনী পরীক্ষা বর্জনের হুমকি পাল্টা হুঁশিয়ারি সরকারের

নিজস্ব প্রতিবেদক ►

দাবি আদায় না হলে সমাপনী পরীক্ষা বর্জনের হুমকি দিয়েছে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের একাংশ। সাত দফা দাবি আদায়ে গতকাল সোমবার কেন্দ্রীয় শহীদ মিনারে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির (আউয়াল-সালেহা) সমাবেশ থেকে এ ঘোষণা দেওয়া হয়। প্রাথমিক শিক্ষক সমিতির অন্য অংশও আজ মঙ্গলবার থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে অনশনের ঘোষণা দিয়েছে।

শিক্ষকদের এ ঘোষণার পর সরকার এক তথ্য বিবরণীতে কোমলমতি শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনা করে বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানিয়েছে। অন্যথায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম বিঘ্ন সৃষ্টিকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে হুঁশিয়ার করা হয়েছে।

তথ্য বিবরণীতে বলা হয়, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ দ্বিতীয় শ্রেণীতে উন্নীত করা এবং সহকারী শিক্ষকদের বেতন স্কেল উচ্চতর পর্যায়ে নির্ধারণ করার বিষয়টি সরকারের সক্রিয় প্রক্রিয়াধীন রয়েছে। এ বিষয়ে আন্তমন্ত্রণালয় পর্যায়ে যথাযথ কার্যক্রমও চলমান রয়েছে।

তথ্য বিবরণীতে আরো বলা হয়, বর্তমান সরকারের আমলেই প্রাথমিকের শিক্ষকদের মর্যাদা সবচেয়ে বৃদ্ধি পেয়েছে। কিন্তু তার পরও কিছুসংখ্যক শিক্ষক কোনো কোনো মহলের প্ররোচনায় অহেতুক কর্মবিরতি পালনসহ অন্যান্য কর্মসূচি গ্রহণ করেছেন। শিক্ষকদের বেতনক্রম উন্নীতকরণে সরকারের আন্তরিক প্রয়াস সত্ত্বেও এ ধরনের কর্মসূচি অনভিপ্রেত।

**পরীক্ষা বর্জনের হুমকি** : বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির (আউয়াল-সালেহা) সমাবেশ থেকে শিক্ষক নেতারা দাবি আদায় না হলে পরীক্ষা বর্জনের হুমকি দেন। এতে সমিতির সভাপতি আউয়াল তালুকদার, মহাসম্পাদক সালেহা আক্তারসহ কেন্দ্রীয় নেতারা বক্তব্য দেন।

শিক্ষক নেতারা বলেন, 'পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী আমাদের অনশন কর্মসূচি পালনের কথা থাকলেও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের অনুরোধে বিক্ষোভ কর্মসূচি পালন করছি। মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গেও আমাদের দাবির বিষয়ে দু-এক দিনের মধ্যে দেখা করিয়ে দেওয়া হবে বলে অধিদপ্তরের পক্ষ থেকে আশ্বাস দেওয়া হয়েছে। তবে শুক্রবার পর্যন্ত কোনো সমাধান না হলে শনিবার থেকে সব প্রাথমিক বিদ্যালয়ে তালা ঝুলিয়ে ওই দিন থেকেই কেন্দ্রীয় শহীদ মিনারে লাগাতার অনশন পালন করা হবে।'

প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর পদমর্যাদা, সহকারী শিক্ষকদের বেতন স্কেল প্রধান শিক্ষকদের এক ধাপ নিচে নির্ধারণ এবং প্রধান শিক্ষক পদে পদোন্নতির জটিলতা সমাধানসহ সাত দফা দাবিতে শিক্ষকরা আন্দোলন করছেন।